

নানা-নাতি

নানা এবং নাতি
তারা নাকি পোষেন গাঁয়ে
হরেক শাদা হাতি!

এটা মারেন, ওটা পারেন
গাল-গল্প ভীষণ ছাড়েন
দিনে জ্বালান বাতি ।

নানা লোলুপ, নারীলোভী
নাতি তারই হাতা
জ্যোস্না রাতে দু' জন নাকি
মেলে ধরেন ছাতা ।

নানার অসুখ ইয়ে-
দফায় দফায় করেন তিনি বিয়ে ।
নাতি বগল দাবা বাজায়
শ্বশুড়বাড়ি নিয়ে ।

৬ ডিসেম্বর, ০৬